**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পুনর্নবীকরণ যোগ্য শক্তি উৎপাদনে ত্রিপুরায় বিনিয়োগে এগিয়ে আসার জন্য বেসরকারী সংস্থাগুলোর প্রতি আহবান জানিয়েছেন।**

**(২) সারাদেশের অন্যান্য শহরের পাশাপাশি আগরতলা শহরেও পিএম ই-বাস পরিষেবা চালু হবে।**

**(৩)** মেঘভাঙ্গা বৃষ্টির ফলে উত্তর সিকিমে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই পরিস্থিতিতে সম্ভাব্য সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন ।

**(৪) জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের সেমি ফাইনালে উঠলো কলসীমুখ লাভামনি ফুটবল একাদশ।**

****************************************

**Energy Transition in Tripura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পুনর্নবীকরণ যোগ্য শক্তি উৎপাদনে ত্রিপুরায় বিনিয়োগে এগিয়ে আসার জন্য বেসরকারী

সংস্থাগুলোর প্রতি আহবান জানিয়েছেন। বিনিয়োগের জন্য রাজ্য সরকারের আকর্ষণীয় শিল্পনীতি রয়েছে বলে উল্লেখ করেন তিনি। আজ আগরতলার রাজ্য সরকারের বিদ্যুৎ বিভাগ এবং এশীয় উন্নয়ন ব্যাংকের যৌথ উদ্যোগে আয়োজিত ত্রিপুরায় শক্তি ক্ষেত্রে উত্তোরণ শীর্ষক এক দিনের এক কর্মশালার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী এই আহ্বান জানান। মুখ্যমন্ত্রী বলেন, ভারত সরকার বিকল্প শক্তির উৎস সন্ধানে গুরুত্ব দিয়েছে। ত্রিপুরা সরকারও পুন:নর্বীকরন যোগ্য শক্তি উৎপাদনে গুরুত্ব দিয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা পুন:নর্বীকরন শক্তি উন্নয়ন সংস্থা TREDA, Tripura Power Generation Company Limited রাজ্যে পরিবেশ বান্ধব, স্বচ্ছ উপায়ে বিদ্যুৎ ও শক্তি উৎপাদনে নানা বিকল্প কৌশল নিয়ে পরিকল্পনা করছে। ২০৩০ সালের মধ্যে ত্রিপুরায় পরিবেশ বান্ধব উৎস থেকে ৫০০ মেগওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে TREDA-র।

কর্মশালায় বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথও বলেন, ত্রিপুরায় পুন:নর্বীকরণ যোগ্য শক্তি উৎপাদনের যথেষ্ট সম্ভাবনা ও উৎস রয়েছে। তিনি গ্রীন হাইড্রোজেনেরর কথাও বলেন। তিনি জানান, রাজ্যে বিদ্যুতের চাহিদা বাড়ছে। তিনি বলেন, শীঘ্রই পুন:নর্বীকরণ যোগ্য শক্তি নিয়ে দিল্লিতে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলোর এক সম্মেলন হবে।

কর্মশালায় বক্তব্য রাখেন মুখ্যসচিব জে কে সিনহা, বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং, এশীয় উন্নয়ন ব্যাংকের বরিষ্ঠ শক্তি বিশেষজ্ঞ জেমস কোলানথারাজ, রাজ্য বিদ্যুৎ নিগমের এম ডি দেবাশিস সরকার।

কর্মশালায়, কেন্দ্রীয় সরকার ও বিভিন্ন রাজ্যের প্রতিনিধি ছাড়াও স্পেন, ফিলিপাইন্স, পেরু, শ্রীলংকা, সিঙ্গাপুর প্রভৃতি দেশের প্রতিনিধিরা অংশ নেন।

***************************

**PM, e-bus :**

সারাদেশের অন্যান্য শহরের পাশাপাশি আগরতলা শহরেও পিএম ই-বাস পরিষেবা চালু হবে। পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে পিএম ই-বাস পরিষেবা চালু নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠকে পৌরহিত্য করেন। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, এই ই-বাস পরিষেবাকে সার্থকভাবে রূপায়িত করার জন্য দরকার এর সাথে সম্পৃক্ত বিভিন্ন বিষয়ে আগাম প্রস্তুতির। ই-বাস চালুর ক্ষেত্রে বিভিন্ন বাস ডিপোর পরিকাঠামোর উন্নতি করা খুবই প্রয়োজন, যাতে ই-বাস ব্যবহারের ক্ষেত্রে কোনও সমস্যার মুখোমুখি না হতে হয়। ই-বাস চালু করার জন্য বিভিন্ন বাস ডিপোতে মাল্টিমডেল ইন্টারচার্জ পরিষেবার খুবই প্রয়োজন। পরিবহন মন্ত্রী বৈঠকে এই সমস্ত বিষয় নিয়ে আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে এন্টি রিট্রোভিরাল ট্রিটমেন্ট সেন্টার এবং একটি অপিওয়েড সাবস্টিটিউশন থেরাপি সেন্টারের ফলক উন্মোচন করেন। এছাড়া নরসিংগড়ে মানসিক হাসপাতালে ফেসিলিটেড ইন্টিগ্রেটেড কাউন্সেলিং এবং ট্রিটমেন্ট সেন্টারের ভার্চুয়েল উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে মুখ্যমন্ত্রী

বলেন, রাজ্যে এইচ আই ভি পজিটিভ রোগীদের চিকিৎসার জন্য অত্যাধুনিক ব্যবস্থা করছে। তিনি এইডস রোগ নির্ণয়ের জন্য আরো বেশি করে নতুন সেন্টার চালু করার পরামর্শ দেন। তিনি বলেন, শুধুমাত্র চিকিৎসার ব্যবস্থা নয় এব্যাপারে সকলকে সচেতন করা সব থেকে বেশি প্রয়োজন। মুখ্যমন্ত্রী রাজ্যে ড্রাগের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, নেশা থেকে রাজ্যকে রক্ষা করতে সরকার জিরো টলারেন্স নীতি নিয়েছে। তিনি বলেন, বর্তমানে রাজ্যে এইডস রোগ নির্ণয়ের জন্য ২৩টি কেন্দ্র রয়েছে। কোভিডের আগে রাজ্যে এইচ আই ভি রোগীর সংখ্যা যা ছিল কোভিডের পরে তা দ্বিগুণ বেড়েছে বলে তিনি জানান। রাজ্যের ৮টি জেলায় ৮টি নেশামুক্তি কেন্দ্র স্থাপন করা হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির প্রজেক্ট ডিরেক্টার ডা: শংকর দাস।

***********************

**Pinaki Das Chowdhury :**

বিধায়ক পিনাকী দাস চৌধুরী আজ ত্রিপুরা এস সি কর্পোরেশনের নতুন চেয়ারম্যান হিসাবে আজ দায়িত্বভার গ্রহন করলেন। তাকে স্বাগত জানান প্রাক্তন চেয়ারম্যান রঞ্জিত দাস সহ আরও অনেকে। এস সি কর্পোরেশনের কর্মীরাও নতুন চেয়ারম্যানকে স্বাগত জানান। দায়িত্ব নিয়ে বিধায়ক শ্রী দাস চৌধুরী জানান, রাজ্য সরকার তাঁকে যে দায়িত্ব দিয়েছে, তা তিনি তা নিষ্ঠার সঙ্গে পালন করবেন।

**************************

**OBC Commission :**

তাপস মজুমদার আজ ত্রিপুরা ওবিসি কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন। তাঁকে স্বাগত জানান ওবি সি কমিশনের কর্মী ও সদস্যরা।দায়িত্ব ভার গ্রহণ করে শ্রী মজুমদার বলেন রাজ্যের ও বি সি সম্প্রদায় ভুক্ত মানুষদের জীবনের মানোন্নয়নে কমিশন সবরকম পদক্ষেপ গ্রহণ করবে। তাছাড়া তাদের সমস্যার সমাধান করার সবরকম চেষ্টা করা হবে কমিশনের পক্ষ থেকে। শ্রী মজুমদার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে তাঁকে এই দায়িত্ব দেওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

****************************

**Mayor :**

পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জিবি বাজারের দখলমুক্ত এলাকা পরিদর্শন করেন। উচ্ছেদ অভিযানে যে সমস্ত ব্যবসায়ীর দোকানপাট ভাঙ্গা হয়েছে তাদের সঙ্গে তিনি কথা বলেন। সরকারের উন্নয়নমূলক কাজে ও শহরকে পরিচ্ছন্ন ও যানজট মুক্ত করতে জিবি বাজার ব্যবসায়ীরা যেভাবে সহযোগিতা করেছেন তার জন্য তিনি ব্যবসায়ীদের ধন্যবাদ জানান। আগামী কিছুদিনের মধ্যেই এই এলাকায় রাস্তা এবং ড্রেনের কাজ শুরু হবে বলেও তিনি জানিয়েছেন। মেয়রের সঙ্গে ছিলেন মেয়র ইন কাউন্সিলর হীরালাল দেবনাথ সহ জিবি বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ।

****************************

**CM-Holycross :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় সুস্থায়ী উন্নয়নের মাধ্যমে উন্নত ভবিষ্যৎ গড়া সম্ভব। আজ হলিক্রস স্কুলে "সুন্দর ভবিষ্যতের লক্ষ্যে স্থিতিশীল উন্নয়ন"- এই ভাবনায় আয়োজিত একটি প্রদর্শনী এবং প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন শিক্ষা ব্যবস্থার সামগ্রিক বিকাশের মাধ্যমে গুণগত শিক্ষার প্রসারে বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে বর্তমান রাজ্য সরকার। হোলিক্রস স্কুলের এমন অভিনব উদ্যোগ অন্যান্য বিদ্যালয় গুলিকে নতুন কিছু করার প্রেরণা দেবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে হোলিক্রস এডুকেশন ফাউন্ডেশনের সেক্রেটারি ফাদার জর্জ জেকব, হোলিক্রস স্কুলের প্রিন্সিপাল ফাদার জিলসন টম সহ স্কুলের শিক্ষক শিক্ষিকাগন উপস্থিত ছিলেন। উল্লেখ্য এই প্রদর্শনী ও প্রতিযোগিতায় মোট ১৫টি স্কুল অংশগ্রহণ করে।

**************************

**Sikim-Flood :**

মেঘভাঙ্গা বৃষ্টির ফলে উত্তর সিকিমে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আজ ভোর থেকে লোনক হ্রদে মেঘভাঙ্গা বৃষ্টি শুরু হয়। এরফলে তিস্তার নদীর জল প্রবল বেগে নেমে আসে উত্তরবঙ্গের সমতলের জলপাইগুড়ি সহ বিস্তীর্ণ অঞ্চলে।

তিস্তার স্রোতে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে ১০ নম্বর জাতীয় সড়কের একাংশ। এর ফলে সিকিমের সঙ্গে অবশিষ্ট ভারতের যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, জলের তোড়ে ভেসে গিয়েছে সিংথামের কাছে বারদাং সেনা ছাউনিতে পার্ক করে রাখা ৪১টি গাড়ি। সিকিম ডিজাস্টার ম্যানেজম্যান্ট কর্তৃপক্ষ জানিয়েছে,

পাকিয়ং জেলাতে ২৩ জন জওযান সহ ৫৯ জন জলে ভেসে গেছেন বলে আশঙ্কা করা হচ্ছে। এখন পর্যন্ত ৫ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারকাজে নেমে পড়েছে সেনা বাহিনী জওয়ানরা।

ঠিক কত সংখ্যক পর্যটক সিকিমে আটকে পড়েছেন, তার সঠিক সংখ্যাও এখনও জানা যাচ্ছে না। জাতীয় সড়কে যান চলাচল বন্ধ। ফলে ফেরার পথও আপাতত অবরুদ্ধ। এই পরিস্থিতিতে এয়ারলিফটের আর্জি করেছেন ভ্রমণ ব্যবস্থাপকেরা। সিকিমের বিভিন্নস্থানে বহু ত্রাণ শিবির খোলা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সিকিমের মুখ্যমন্ত্রী প্রেমসিং তামাঙ্গের সঙ্গে উদ্‌ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। তিনি এই পরিস্থিতিতে সম্ভাব্য সব ধরনের সহায়তার আশ্বাস দেন এবং ক্ষতিগ্রস্তদের সুরক্ষার কামনা করেন।

*******************************

**PM, Rajasthan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল রাজস্থানের যোধপুরে যাবেন। সেখানে তিনি সড়ক, রেল, বিমান চলাচল, স্বাস্থ্য এবং উচ্চ শিক্ষা ক্ষেত্রে প্রায় পাঁচ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন।

তিনি যোধপুরে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে, ৩৫০ শয্যার ট্রমা সেন্টার ও ক্রিটিক্যাল কেয়ার হাসপাতাল ব্লক এবং প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য

পরিকাঠামো মিশনের আওতায় সাতটি ক্রিটিক্যাল কেয়ার ব্লকের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

তিনি যোধপুর বিমানবন্দরে অত্যাধুনিক নতুন টার্মিনাল ভবনের উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন।

প্রধানমন্ত্রী আইআইটি যোধপুর ক্যাম্পাস জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

রাজস্থানে দুটি নতুন ট্রেন পরিষেবার সূচনা করবেন প্রধানমন্ত্রী। এছাড়াও, প্রধানমন্ত্রী আরও দুটি রেল প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

**************************

**PM,SVNdhi :**

Prime Minister Street Vendor's AtmaNirbhar Nidhi, বা প্রধানমন্ত্রী স্বনিধি, প্রকল্পটি সারা দেশে ৫০ লক্ষেরও বেশি স্ট্রিট ভেন্ডারদের যুক্ত করে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে। এই বিক্রেতারা শহরের বাসিন্দাদের প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা সরবরাহ করে শহুরে অনানুষ্ঠানিক অর্থনীতিতে দীর্ঘদিন ধরে অবিচ্ছেদ্য ভূমিকা পালন করছেন।

আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের সামাজিক মাধ্যমে একটি পোস্টের জবাবে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, PMSVANidhi প্রকল্পটি কেবল রাস্তার বিক্রেতাদের জীবনকে সহজ করে তোলেনি, তাদের মর্যাদার সাথে বেঁচে থাকার সুযোগও দিয়েছে।

উল্লেখ্য, PM SVANidhi প্রকল্পটি ২০২০ সালে পয়লা জুন চালু করা হয়। এটি শহুরে রাস্তার বিক্রেতাদের জন্য একটি ক্ষুদ্র-ঋণ প্রকল্প যার লক্ষ্য হল ৫০ হাজার টাকা পর্যন্ত জামানত-মুক্ত কার্যকরী মূলধন ঋণ প্রদান করা।

***************************

**International Day for older Persons :**

সমাজকল্যান ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আজ সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপিত হয়েছে। জেলা সদর বিশ্রামগঞ্জজের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জেলার জিলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন দেশ ও রাজ্যের সরকার প্রবীণদের পাশে আছে। সরকার প্রবীণদের জন্য সাধ্যমতো ভাতার ব্যবস্থা করা ছাড়াও বিভিন্ন প্রকল্পে তাদের সাহায্য করার বিষয়ে চেষ্টা চালাচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমাজকল্যান ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক উত্তম কুমার দাস, জেলা স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস, জেলা পরিষদের সদস্য রতন দাস প্রমুখ।

*****************************

**CONGRESS :**

প্রদেশ কংগ্রেস ভবনে আজ সদর জেলা কংগ্রেসের এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, সদর জেলা কংগ্রেস সভাপতি তন্ময় রায়, প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বানি ঘোষ চক্রবর্তী সহ অন্যান্য প্রদেশ নেতৃত্বগণ। শহর আগরতলায়

হকার উচ্ছেদ, বিদ্যুতের মাশুল বৃদ্ধি, পুর নিগম এলাকায় সম্পত্তি কর বৃদ্ধির প্রতিবাদ জানান নেতৃবৃন্দ।

*************************

**Wildlife Sepahijala :**

জাতীয় বন্যপ্রাণী সপ্তাহ উপলক্ষে আজ সিপাহীজলা অভয়ারণ্যে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ৩টি বিভাগে মোট ৬০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছে বলে জানিয়েছেন সিপাহীজলা অভয়ারণ্যের ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন নিরঞ্জন দেবনাথ। তিনি জানিয়েছেন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে ক্রীড়া প্রতিযোগিতা। আজকের অঙ্কন প্রতিযোগিতায় ডি.এফ.ও প্রীতম ভট্টাচার্য্য, সিপাহীজলা চিড়িয়াখানার অধিকর্তা বিশ্বজিৎ দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**Subjunior Football :**

মধ্যপ্রদেশের অনন্তপুরমে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ছেলেদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপের চতুর্থ তথা শেষ খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ আর ডি টি স্পোর্টস ভিলেজের ১ নম্বর মাঠে অনুষ্ঠিত খেলায় তামিলনাড়ু ৭-০ গোলে রাজ্যদলকে হারায়। আসরে রাজ্যদল গ্রুপের দুটি খেলায় জয় পেলেও বিদায় নেয়।

******************************

**Jolaibari Football :**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের সেমি ফাইনালে উঠলো কলসীমুখ লাভামনি  ফুটবল একাদশ। আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে আসরের দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে জোলাইবাড়ি দ্বাদশ স্কুলকে ২-১ গোলে হারায় বিজয়ী দল। প্রথমার্ধের ১৪ মিনিটে লাভামনির হয়ে প্রথম গোল করেন সাইজোরাম রিয়াং, দ্বিতীয়ার্ধে ৮ মিনিটের মাথায় জোলাইবাড়ি দ্বাদশের জিতেন জমাতিয়া গোল করে সমতা ফেরান ম্যাচে। ১৬ মিনিটের মাথায় ওবেন মলসুইের গোলে ম্যাচে জয়ী হয় লাভামনি একাদশ।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে এবং দক্ষিন, সিপাহিজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

**************************